

লাউয়ের ফুল ঝড়া রোধে করণীয়ঃ

১. হাত দ্বারা পরাগায়ন করুন। হাত দিয়ে কৃত্রিম পরাগায়ন করে লাউয়ের ফলন শতকরা ৩০-৩৫ ভাগ পর্যন্ত বৃদ্ধি করা সম্ভব। লাউয়ের ফুল ঠিকমত রোদ পেলে দুপুরের পর থেকে ফোটা শুরু হয়ে রাত ৭-৮টা পর্যন্ত ফোটে। কৃত্রিম পরাগায়ন ফুল ফোটার দিন সন্ধ্যা পর্যন্ত এবং পরদিন সকাল পর্যন্ত করা যায়। তবে পরদিন সকালে পরাগায়ন করলে ফল কম ধরে কিন্তু ফুল ফোটার দিন সন্ধ্যা পর্যন্ত যে কয়টা ফুলে পরাগায়ন করা হয় তার সবটিতেই ফল ধরবে। কৃত্রিম পরাগায়নের নিয়ম হলো ফুল ফোটার পর পুরুষ ফুল ছিঁড়ে ফুলের পাঁপড়ি অপসারণ করা হয় এবং ফুলের পরাগধানী (যার মধ্যে পরাগরেণু থাকে) আঙুলে করে স্ত্রী ফুলের গর্ভমুণ্ডে (যেটি গর্ভাশয়ের পেছনে পাঁপড়ির মাঝখানে থাকে) ঘষে দেয়া হয়। একটি পুরুষ ফুল দিয়ে ২-৪টি স্ত্রী ফুলে পরাগায়ন করা যায়।



চিত্র ১: লাউয়ের পুরুষ ফুল ও স্ত্রী ফুল



চিত্র ২: হাত দ্বারা লাউয়ের কৃত্রিম পরাগায়ন

২. কিউ-ফেরো নামক সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার করুন।
৩. দ্বিতীয় মাত্রায় ইউরিয়া ও এমওপি সার ব্যবহার করুন।
৪. “ফ্লোরার” পিজিআর প্রতি লিটার পানিতে ২ মি.লি হারে গাছে স্প্রে করুন।

সুভাষ চন্দ্র দত্ত

উপ সহকারী কৃষি অফিসার

মেট্রোপলিটন কৃষি অফিস ডবলমুরিং, চট্টগ্রাম।

মোবাইল নং: ০১৮১৫৫৩৫৫৭১

ই-মেইল: subhashdutta777@gmail.com